



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪-৪০০১

তারিখঃ ০১/১১/২০১৬ খ্রিঃ

সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলাঃ অভয়নগর


জেলাঃ যশোর

বিষয়ঃ মেয়াদোত্তীর্ণ খেলাপীর অর্থ আদায়ের অগ্রগতি প্রসঙ্গে।

সূত্রঃ ৪৭.৬২.৪১.০৪.১০৮.১৯.১০৫.১৪.৪৪৩ তারিখঃ ১৬.১০.১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পে আপনার অনিয়মতান্ত্রিক ঋণ বিতরণ ও আদায়সহ প্রকল্পের নীতিমালা পরিপন্থী কার্যকলাপের স্বীকারোক্তিমূলক অঙ্গীকারনামা দাখিল এবং মেয়াদোত্তীর্ণ খেলাপীর অর্থ আদায়ের নিশ্চয়তা প্রদান করায় আপনাকে আগামী ২০/১১/২০১৬খ্রিঃ পর্যন্ত সময় দেয়া হয়েছিল। কিন্তু উপজেলা হতে প্রেরিত প্রতিবেদন পর্যবেক্ষণে দেখা যায় আপনার অনিয়মতান্ত্রিক ঋণ বিতরণের জন্য মেয়াদোত্তীর্ণ খেলাপী ২২,৩৩,৩৪৯/- (বাইশ লক্ষ তেত্রিশ হাজার তিনশত উনপঞ্চাশ) টাকার মধ্যে সেপ্টেম্বর/১৬ পর্যন্ত ৫,৫০,০৬৬/- (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার ছিষট্টি) টাকা আদায় হয়েছে এবং ১৬,৮৩,২৭৩/- (ষোল লক্ষ তিরিশ হাজার দুই শত তিয়ান্তর) টাকা অনাদায়ী রয়েছে। এছাড়াও অদ্যাবধি আপনার উপজেলায় ৩৫টি সমিতি এবং ৮৫৯ জন সদস্য অন্তর্ভুক্ত হয়েছে যা মোটেই সন্তোষজনক নয়।

এমতাবস্থায়, আপনার অনিয়মতান্ত্রিক ঋণ বিতরণের জন্য মেয়াদোত্তীর্ণ খেলাপীর অনাদায়ী ১৬,৮৩,২৭৩/- (ষোল লক্ষ তিরিশ হাজার দুই শত তিয়ান্তর) টাকা আগামী ২০/১১/২০১৬খ্রিঃ এর মধ্যে আদায়ের জন্য অনুরোধ করা হলো, ব্যর্থতায় প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগ হতে আপনাকে চূড়ান্তভাবে অব্যাহতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।


আরিফুল হক

উপপ্রকল্প পরিচালক(প্রশাঃ ও প্রশিঃ)
ইরেসপো,বিআরডিবি, ঢাকা

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ যশোর।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ অভয়নগর জেলাঃ যশোর।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।